



**Office of the Head**  
**Biotechnology and Genetic Engineering Discipline**  
**Khulna University, Khulna, Bangladesh**



এম এস ইন বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে খুলনা বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং (বিজিই) ডিসিপ্লিনে এম এস ইন বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং 01 Year MS in Biotechnology and Genetic Engineering: Coursework Mode (Taught Program) /1½ Years MS in Biotechnology and Genetic Engineering: Mixed Mode /1½ Years MS in Biotechnology and Genetic Engineering with Major: Mixed Mode /02 Years MS in Biotechnology and Genetic Engineering: Research Mode প্রোগ্রামে ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

**ভর্তির যোগ্যতা:**

- খুলনা বিশ্ববিদ্যালয় অথবা দেশি/বিদেশি অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং/ জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি অথবা বায়োটেকনোলজি/সমমান/সংশ্লিষ্ট বিষয়ে ৩/৪/৫ বছরের স্নাতক/স্নাতক (সম্মান) থাকতে হবে (উক্ত ডিগ্রী ইউজিসি কর্তৃক সমমানের ডিগ্রী হিসেবে স্বীকৃত হতে হবে)।
- প্রার্থীকে কমপক্ষে ১৬ বছর শিক্ষাকাল শেষ করতে হবে অথবা ৩ বছরের স্নাতক ডিগ্রী অর্জনকারীদের ক্ষেত্রে ১৫ বছর শিক্ষাকাল ও ২ বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।
- অ্যাপিয়ার্ড সার্টিফিকেট দিয়ে আবেদন করা যাবে তবে ক্লাস শুরু পর থেকে ২ মাসের মধ্যে প্রয়োজনীয় সনদপত্র জমা দিতে হবে অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে কমপক্ষে CGPA-2.50 অথবা ২য় শ্রেণি সহ স্নাতক ডিগ্রীধারী হতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই দরখাস্তের সঙ্গে কর্মরত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগকর্তার নিকট থেকে সম্মতিপত্র প্রদান করতে হবে।

**আবেদনপত্র জমা ও সংযুক্তি:**

- ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- বিজিই ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয় অফিস অথবা খুলনা বিশ্ববিদ্যালয়ের Website: [www.ku.ac.bd](http://www.ku.ac.bd) অথবা [ku.ac.bd/discipline/bge](http://ku.ac.bd/discipline/bge) থেকে এম এস প্রোগ্রামে ভর্তির নির্ধারিত ফরম ও নিয়মাবলী সংগ্রহ করে আবেদন করতে হবে। সরাসরি অথবা ডাকযোগে নিজ ঠিকানা সম্বলিত দশ টাকা মূল্যের ডাক টিকিট যুক্ত ১০"× ৪" ফেরত খামে আবেদনপত্র সংশ্লিষ্ট ডিসিপ্লিন প্রধানের কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে।
- শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার সার্টিফিকেট/অ্যাপিয়ার্ড সার্টিফিকেট; মার্কশীট/ট্রান্সক্রিপ্ট এবং জাতীয় পরিচয়পত্রের/ জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- সভাপতি, এম এস ভর্তি কমিটি, বিজিই ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়ের অনুকূলে অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখার উপর ১,২০০/- (একহাজার দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। ভর্তির আবেদনপত্র ১৫-১২-২০২৫ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় সভাপতি, এম এস ভর্তি কমিটি, বিজিই ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৮ এই ঠিকানায় পৌঁছাতে হবে।

**প্রয়োজনীয় তথ্যাবলী:**

- ভর্তি পরীক্ষার জন্য নির্বাচিত যোগ্য প্রার্থীর তালিকা ১৭-১২-২০২৫ ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় বিজিই ডিসিপ্লিনের নোটিশ বোর্ড এবং/অথবা বিজিই ডিসিপ্লিনের ওয়েবসাইটে ([ku.ac.bd/discipline/bge](http://ku.ac.bd/discipline/bge)) প্রকাশ করা হবে।
- প্রার্থীকে আগামী ২১-১২-২০২৫ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় ৫০ নম্বরের (MCQ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তি পরীক্ষার পাশ নম্বর ৪০% এবং মেধাক্রম অনুযায়ী প্রথম ৪০ (চল্লিশ) জনকে ভর্তি করা হবে (একাডেমিক কাউন্সিলের ১৭৬ তম সভার ৩৪ নং সিদ্ধান্ত মোতাবেক)।
- ভর্তি পরীক্ষার ফলাফল ২১-১২-২০২৫ ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় প্রকাশ করা হবে।
- কৃতকার্য প্রার্থীদের ০১-০১-২০২৬ ইং তারিখ থেকে ০৯-০১-২০২৬ ইং তারিখ অফিস চলাকালীন সময়ে ভর্তি করা হবে। অপেক্ষমান তালিকা হতে ১১-০১-২০২৬ ইং তারিখ ভর্তি করা হবে।
- কোর্স রেজিস্ট্রেশন ও ক্লাস শুরুর তারিখ পরবর্তীতে জানানো হবে।

বিঃদ্র: খুলনা বিশ্ববিদ্যালয়ের Ordinance for Masters Programmee-2022 এর ১০.১ ধারা অনুযায়ী প্রতিটি প্রোগ্রামে অন্তত ৭ (সাত) জন শিক্ষার্থী রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। তা না হলে প্রোগ্রামটি চালু করা যাবেনা।

এম এস ভর্তি কমিটি ভর্তি সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত নেয়ার অধিকার সংরক্ষণ করে।

*M. Billah* ২০/১২/২০২৫

(প্রফেসর ড. মোঃ মুরছালিন বিল্লাহ)

ডিসিপ্লিন প্রধান এবং সভাপতি, এম এস ভর্তি কমিটি ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ

বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিন

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৮

মোবাইল: ০১৭১২-০০৮৩৯৩

Mailing Address: Khulna University, Khulna-9208, Bangladesh

Tel: +88-02-477734206, PABX: +88-02-477734110, Extn. 2002, Fax: +88-02-177734138. E-mail: [head@bge.ku.ac.bd](mailto:head@bge.ku.ac.bd), Website: <http://ku.ac.bd/discipline/bge>